

**পঞ্চগড়ে স্কুল লুট  
করেছে ক্ষমতাসীন  
দলের চেয়ারম্যান**

পঞ্চগড় সংবাদদাতা : পঞ্চগড় জেলার শীমান্ত সংলগ্ন ঠাকুরগাঁওয়ে ক্ষমতাসীন দলের এক চেয়ারম্যানের নেতৃত্বে সশস্ত্র সন্ত্রাসীরা একটি স্কুল লুটপাট করে নিশ্চিহ্ন করে দিয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানান, বালিয়া ইউনিয়নের সরকার দলীয় সমর্থক ইউপি চেয়ারম্যান হাজী আফাজ উদ্দীন ভূইয়ার নেতৃত্বে একদল অস্ত্রধারী - সুখানপুত্রী নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের টিনের ছাউনি, আসবাবপত্র, টেবিল, বেঞ্চ লুটপাট করে নিয়ে যায় এবং এই বলে শাসিয়ে গেছে, ওই জায়গায় আর যেন বিদ্যালয় ঘর না উঠে।